অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/5/2025 **গভর্নর ক্যাথি হোকল**

আনপ্লাগ অ্যান্ড প্লে: গভর্নর হোকল মিউনিসিপ্যাল এবং ননপ্রফিট কমিউনিটি সেন্টারকে 100 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত দেওয়ার ঘোষণা করলেন

***FY 2026-এর পাশ করা বাজেটে কমিউনিটি, শিশু এবং বয়স্কদের জন্য বিনোদনমূলক ইনফ্রাস্ট্রাকচার গঠন করার জন্য* 100 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে**

তহবিল এখন মিউনিসিপ্যাল এবং ননপ্রফিট কমিউনিটি সেন্টারগুলিকে দেওয়া যাবে; 15 আগস্ট, 2025, বিকাল 3:00টার মধ্যে আবেদন জমা দিতে হবে

আবেদন সম্পর্কে প্রশ্নের সময় শুরু হবে 5 জুন এবং 20 জুন, 2025 পর্যন্ত চলবে; NYS OPRHP এবং DASNY NY BRICKS ওয়েবসাইটে প্রশ্নের উত্তর দেওয়া ওয়েবিনারের ভিডিও পোস্ট করা হবে

'আনপ্লাগ অ্যান্ড প্লে' খেলার মাঠ, কমিউনিটি সেন্টার, সাশ্রয়ী মূল্যের ক্রীড়া সম্পর্কিত প্রোগ্রাম এবং বিনোদনমূলক সুযোগের জন্য অর্থায়ন করার মাধ্যমে শিশুদের ফোন থেকে দূরে রাখে।

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে নতুন 100 মিলিয়ন মার্কিন ডলারের Building Recreational Infrastructure for Communities, Kids and Seniors (NY BRICKS) ক্যাপিটাল অনুদান প্রোগ্রামের জন্য তহবিল এখন হাতে আছে। গভর্নর Hochul (হোকল) ফিসক্যাল ইয়ার (Fiscal Year, FY) 2026-এর পাশ করা বাজেটে এই তহবিল নিশ্চিত করেন যাতে মিউনিসিপ্যালিটি এবং ননপ্রফিট অর্গানাইজেশনগুলিকে এমন কমিউনিটি সেন্টার গঠন ও সংস্কার করতে সমর্থন করা যায় যা কমবয়সী এবং বয়স্কদের জন্য শারীরিক স্বাস্থ্য, মানসিক সুস্থতা, এবং কমিউনিটির সংযোগের প্রচার করবে। এইসব সেন্টারের নকশা, নির্মাণ, সংস্কার, এবং জমি নিয়ে নেওয়ার জন্য NY BRICKS 15 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত তহবিল দিবে। সুবিধাবঞ্চিত কমিউনিটির প্রজেক্টকে, এবং সেই সাথে চাইল্ডকেয়ার, বয়স্কদের সেবা এবং মেন্টাল হেলথ কাউন্সেলিংয়ের সাশ্রয়ী সেবা দেওয়ার প্রজেক্টকে অগ্রাধিকার দেওয়া হবে। এই কর্মসূচির লক্ষ্য হল স্থানীয় সম্প্রদায়গুলিতে রূপান্তরমূলক, উচ্চ-প্রভাবশালী বিনিয়োগ করা। খেলার মাঠ, কমিউনিটি সেন্টার, সাশ্রয়ী স্পোর্টস প্রোগ্রাম এবং বিনোদনমূলক সুযোগের তহবিল দেওয়ার মাধ্যমে শিশুদের তাদের ফোন থেকে দূরে রাখার জন্য গভর্নর Hochul-এর (হোকল) 'আনপ্লাগ অ্যান্ড প্লে (Unplug and Play)' উদ্যোগের ভিত্তিতে এই ঘোষণাটি সম্ভব হয়েছে।

"বিকাশ করা, সংযুক্ত হওয়া, এবং সমৃদ্ধি করার জন্য একটি নিরাপদ, স্বাগত স্থান প্রত্যেক নিউ ইয়র্কবাসীর প্রাপ্য," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমরা আমাদের কমিউনিটির ভবিষ্যতে বিনিয়োগ করছি, এমন প্রাণবন্ত সেন্টার তৈরি করছি যেখানে শিশুরা খেলতে পারবে, বয়স্করা সক্রিয় থাকতে পারবে, এবং পরিবারগুলি তাদের প্রয়োজনীয় সমর্থন পাওয়ার সুযোগ পাবে। এর উদ্দেশ্য শুধু ইনফ্রাস্ট্রাকচার গঠন করা না, এর উদ্দেশ্য হলো আমাদের স্টেটের প্রত্যেক কোণায় সুযোগ, সমতা, এবং সুস্থতা তৈরি করা।"

গভর্নর Hochul-এর (হোকল) FY 2026-এর পাশ করা বাজেট এবং স্টেট অফ দ্য স্টেট (State of the State) প্রস্তাবনার অংশ হিসেবে NY BRICKS ফ্যাসিলিটির জন্য জমি সংগ্রহ, নকশা, নির্মাণ বা নতুন করে নির্মাণ করতে, কমিউনিটি সেন্টারের প্রধান সংস্কার, উন্নয়ন এবং আধুনিকায়ন বা পুনর্বাসনের কাজ করতে 250,000 মার্কিন ডলার থেকে 15 মিলিয়ন মার্কিন ডলারের মধ্যে অনুদান দিবে। তহবিলের জন্য আবেদনের অনুরোধ (Request for Applications, RFA) আজকে dasny.org এবং parks.ny.gov-এ পোস্ট করা হয়েছে।

NY BRICKS ক্যাপিটাল অনুদান প্রোগ্রামের আবেদন গ্রহণ শুরু হবে 14 জুলাই, 2025 তারিখে এবং 15 আগস্ট, 2025 তারিখের মধ্যে আবেদন জমা দিতে হবে। 1 নভেম্বর, 2025 তারিখের পর যেকোনো সময়ে করা অর্থ পাবে তা ঘোষণা করা হবে। প্রকল্পের চাহিদা, প্রভাব, এবং সম্ভাব্যতার বৈশিষ্ট্যের ভিত্তিতে আবেদনের মূল্যায়ন করা হবে। NY BRICKS অনুদানের জন্য আবেদনকারীকে প্রজেক্টের মোট খরচের 20 শতাংশ ম্যাচিং অংশ দিতে পারতে হবে। ননপ্রফিট এনটিটিগুলিকে তাদের আবেদন জমা দেওয়ার আগে অবশ্যই স্টেটওয়াইড ফাইন্যান্সিয়াল সিস্টেম (Statewide Financial System, SFS) থেকে অনুমোদিত প্রিকোয়ালিফিকেশন স্ট্যাটাস পেতে হবে এবং গ্র্যান্ট ডিসবার্সমেন্ট এগ্রিমেন্ট (Grant Disbursement Agreement) এক্সিকিউট করা এবং সকল আবশ্যিক পেমেন্ট করার পুরো সময়ে প্রিকোয়ালিফাইড থাকতে হবে।

ডর্মিটরি অথোরিটি অফ দ্য স্টেট অফ নিউ ইয়র্কের (Dormitory Authority of the State of New York, DASNY) প্রেসিডেন্ট এবং CEO Robert J. Rodriguez (রবার্ট জে. রড্রিগেজ) বলেন, "DASNY হলো NY BRICKS অনুদানের গর্বিত পরিচালক যা পুরো নিউ ইয়র্ক স্টেটের (New York State, NYS) কমিউনিটিগুলিকে শক্তিশালী করবে। কমিউনিটি সেন্টারে এই বিনিয়োগগুলি শুধু ভবনে বিনিয়োগ নয়, এগুলি হলো আরো স্বাস্থ্যকর, আরো সংযুক্ত এলাকার ভিত্তি। মিউনিসিপ্যালিটি এবং ননপ্রফিটগুলিকে পরিবার ও কমিউনিটির সমৃদ্ধির স্থান তৈরি করতে সাহায্য করার জন্য অতি গুরুত্বপূর্ণ এই তহবিল নিশ্চিত করতে গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের জন্য আমরা তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেটের অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশনের (Office of Parks, Recreation and Historic Preservation, OPRHP) কমিশনার প্রো টেম্প Randy Simons (র্যান্ডি সিমোন্স) বলেন, "নিউ ইয়র্কবাসীদের মানসিক ও শারীরিক সুস্থতায় কৌশলী বিনিয়োগ করাকে অগ্রাধিকার দেওয়ার জন্য আমি গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছি। NY BRICKS প্রোগ্রামটি নিউ ইয়র্কের পরিবারগুলিকে প্রতিদিনের জীবনের চাপ থেকে বিচ্ছিন্ন হয়ে নিজেদের জীবনে স্বাস্থ্যকর কর্মকাণ্ড যোগ করার আরো সুযোগ দিবে। পুরো স্টেটে কমিউনিটি পার্টনারদের সাথে এই উদ্যোগটি শুরু করার জন্য এবং

নিউ ইয়র্কবাসীকে সারা বছরের বিনোদন ও শারীরিক কর্মকাণ্ডের প্রমাণিত লাভ উপভোগ করতে সাহায্য করার জন্য DASNY-এর সাথে কাজ করতে আমাদের এজেন্সি আগ্রহী।"

স্টেটের সিনেটর José Serrano (হোসে সেরানো) বলেন, "কমিটি অন কালচারাল অ্যাফেয়ার্স, ট্যুরিজম, পার্কস অ্যান্ড রিক্রিয়েশনের (Committee on Cultural Affairs, Tourism, Parks and Recreation) প্রধান হিসেবে আমি দৃঢ় বিশ্বাসী যে কমিউনিটি সেন্টারগুলি একে অন্যের সাথে যোগাযোগ রাখতে এবং শারীরিক ও মানসিক সুস্থতার প্রচার করার একটি উপায়। NY BRICKS ক্যাপিটাল অনুদান প্রোগ্রামটি আজকের দ্রুত গতির বিশ্বে সকল বয়সের মানুষের জন্য অতি প্রয়োজনীয় সেবা বাড়িয়ে দিতে সাহায্য করবে। আমাদের কমিউনিটিতে এইসব রূপান্তরকারী, বেশি প্রভাবের বিনিয়োগের জন্য গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল), OPRHP, এবং DASNY-কে আমার আন্তরিক ধন্যবাদ।"

গভর্নর Hochul-এর (হোকল) আনপ্লাগ অ্যান্ড প্লে উদ্যোগ

গভর্নরের নতুন আনপ্লাগ অ্যান্ড প্লে উদ্যোগটি কমিউনিটি, কিডস অ্যান্ড সিনিয়রসদের জন্য বিনোদনমূলক অবকাঠামো তৈরি (NY BRICKS) এর মাধ্যমে কমিউনিটি সেন্টার নির্মাণ ও সংস্কারের জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার; নিউ ইয়র্কের কমিউনিটিগুলোকে নতুন খেলার মাঠ তৈরি করতে এবং বিদ্যমান খেলার মাঠগুলি সংস্কার করতে সহায়তা করার জন্য প্লেসেস ফর লার্নিং, অ্যাক্টিভিটি অ্যান্ড ইয়ুথ সোশ্যালাইজেশন (NY PLAYS) উদ্যোগের জন্য 67.5 মিলিয়ন ডলার; এবং স্টেটওয়াইড ইনভেস্টমেন্ট ইন মোর সুইমিং (NY SWIMS) উদ্যোগের ধারাবাহিকতার জন্য অতিরিক্ত 90 মিলিয়ন ডলার, যার মধ্যে রয়েছে সাঁতার ফ্যাসিলিটির সংস্কার ও নির্মাণে মিউনিসিপ্যালকে সহায়তা করার জন্য একটি প্রতিযোগিতামূলক অনুদান কর্মসূচির জন্য 50 মিলিয়ন ডলার এবং অন্যান্য সাঁতার-ভিত্তিক বিনিয়োগের জন্য 40 মিলিয়ন ডলার বরাদ্দ প্রদান করা হয়েছে। এছাড়াও, "গেট অফলাইন, গেট আউটসাইড" হলো গভর্নর Hochul (হোকল) এর দ্বারা চালু করা একটি উদ্যোগ, যেটি শিশু ও পরিবারগুলোকে তাদের স্ক্রিন থেকে দূরে থাকতে, সোশ্যাল মিডিয়া থেকে বিরতি নিতে, বিনোদন ও প্রকৃতির আনন্দ উপভোগ করতে এবং শারীরিক ও মানসিক স্বাস্থ্যের উন্নতি সাধনের লক্ষ্যে মানসিক ও শারীরিক স্বাস্থ্যের যত্ন নেওয়ার জন্য অনুপ্রাণিত করে।

সম্ভাব্য আবেদনকারীদের প্রতিযোগিতামূলক আবেদনের জন্য প্রস্তুত করতে সাহায্য করার জন্য গভর্নরের অফিস, NYS অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশন এবং DASNY প্রতিশ্রুতিবদ্ধ। আবেদন সম্পর্কে প্রশ্নের সময় শুরু হবে 5 জুন 2025 তারিখে, এবং সকল প্রশ্ন অবশ্যই NY BRICKS-এর SurveyMonkey ফর্মের মাধ্যমে জমা দিতে হবে যা এখানে পাওয়া যাবে। NYS OPRHP এবং DASNY NY BRICKS-এর ওয়েবসাইটে, (www.dasny.org এবং www.parks.ny.gov) 25 জুন, 2025 তারিখে একটি ওয়েবিনারের ভিডিও পোস্ট করা হবে। ভিডিওটিতে 20 জুন, 2025 পর্যন্ত পাওয়া প্রশ্নের উত্তর দেওয়া হবে এবং RFA ও আবেদন প্রক্রিয়ার রিভিউ করা হবে। 25 জুন, 2025 তারিখে ওয়েবিনার ভিডিও পোস্ট করার পর, এবং 27 জুন, 2025 বিকাল 3:00টার আগে পাওয়া প্রশ্ন একই ওয়েবসাইটগুলিতে 11 জুলাই, 2025 তারিখে পোস্ট করা হবে। প্রশ্ন জমা দেওয়া সম্পর্কিত বিস্তারিত RFA এবং NYS OPRHP এবং DASNY ওয়েবসাইটে দেওয়া আছে। সকল সম্ভাব্য আবেদনকারীকে RFA রিভিউ করা,

লিখিতভাবে প্রশ্ন জমা দেওয়া, এবং ওয়েবিনার দেখার জন্য জোর উৎসাহ দেওয়া হচ্ছে কারণ NY BRICKS অনুদানের আবেদন প্রক্রিয়া ওয়েবিনার ভিডিওতে বুঝিয়ে দেওয়া হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন